



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
গাজীপুর-১৭০৫।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ”

স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ
ফোন-৯২৯১১১৩



বাউবি/এসএসএস/পিজিডিএম/জেনা./১৩/ ৫০৭

তারিখ: ২৭/০৮/২০২০

আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক কেন্দ্র : ঢাকা/ চট্টগ্রাম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয় : অফলাইনে বাউবি'র পিজিডিএম/সিআইএম প্রোগ্রামের ১৯২ সিমেন্টার (২য় লেভেল)-এর নতুন ও পুরাতন শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ও পুনঃরেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্রঃ বাউবি/এসওবি/২০২০/১০৮৭৬;

তারিখঃ ২৪/০৮/২০২০।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়, সূত্র ও ডিন, স্কুল অব বিজনেস-এর পত্রের পরিপ্রেক্ষিতে জানাচ্ছি যে, অফলাইনে পিজিডিএম/সিআইএম প্রোগ্রামের ১৯২ সিমেন্টার (২য় লেভেল)-এর নতুন ও পুরাতন শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ও পুনঃরেজিস্ট্রেশনের মেয়াদ ১৮/০৯/২০২০ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। এক্ষেত্রে কোন বিলম্ব ফি প্রযোজ্য হবে না। করোনা সংকটে দেশের আর্থসামাজিক অবস্থা বিবেচনা করে পিজিডিএম/সিআইএম প্রোগ্রামের ১৯২ সিমেন্টার (২য় লেভেল)-এর নতুন ও পুরাতন শিক্ষার্থীদের মধ্যে শুধুমাত্র নিয়মিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি কিস্তিতে পরিশোধের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।


নিয়মিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের ক্ষেত্রে প্রযোজ্য কিস্তির হার ও মেয়াদ নিম্নরূপঃ

প্রোগ্রাম	সিমেন্টার	কোর্স ফি	আনুসঙ্গিক ফি	মোট ফি (এককালীন ১৮/০৯/২০২০ তারিখের মধ্যে)	১ম কিস্তি (১৮/০৯/২০২০ তারিখের মধ্যে)	২য় কিস্তি (০৯/১০/২০২০ তারিখের মধ্যে)	৩য় কিস্তি (২৯/১০/২০২০ তারিখের মধ্যে)
পিজিডিএম	১৯২ (২য় লেভেল)	৬৯৬×৫= ৩৪৮০/-	৮১৫/-	৪২৯৫/-	১৪৩২/-	১৪৩২/-	১৪৩১/-

পিজিডিএম/সিআইএম প্রোগ্রামের শিক্ষার্থীরা অফলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করবেন। পেমেন্ট সংক্রান্ত তথ্য এবং ব্যাংক রশিদ সকল শিক্ষার্থী নিজ দায়িত্বে সংরক্ষণ করবেন। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ছুটির দিন ব্যতীত সোম, বুধ ও শুক্রবার অফিস চলাকালীন সময়ে শিক্ষার্থী আইডি কার্ডের ফটোকপি (পুরাতন শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য), একাডেমিক ট্রান্সক্রিপ্ট (নতুন শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)/ পূর্ববর্তী সেমিস্টারের নম্বরপত্রের কপি, পেমেন্ট সংক্রান্ত ডকুমেন্টসহ প্রয়োজনীয় কাগজপত্র বাউবি'র সংশ্লিষ্ট আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে উল্লেখিত তারিখের মধ্যে জমা দান করবেন।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হল।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,


(ড. আনিসুর রহমান)

পরিচালক

এসএসএস বিভাগ, বাউবি।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১. ডিন, স্কুল অব বিজনেস, বাউবি।
২. পরিচালক/ সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি (বাউবি'র ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৩. পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বাউবি।
৪. পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অডিট সেল, উপাচার্যের দপ্তর, বাউবি।
৫. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. উপ-পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।